



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।



নং-কুসক-২০২২/ ৭২৮১২


তারিখ: ২৪ ভাদ্র ১৪২৯ ব.  
০৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক সংখ্যা শিম/শা-১১/বিবিধ ৪/২০০৩/১১৯, তারিখ: ০৫/০২/২০০৩ ইং পরিপত্র মোতাবেক, গাছ কর্তন ও নিলামে বিক্রয় সংক্রান্ত জেলা পর্যায়ের কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক, কুষ্টিয়া সরকারি কলেজের খেলার মাঠ এর ব্যাপক উন্নয়ন ও শিক্ষাপ্রকৌশল অধিদপ্তর কর্তৃক নতুন স্থাপনা নির্মাণের জন্য সাইটপ্লান অনুযায়ী বন বিভাগ কর্তৃক নাম্বারকৃত গাছ সরকারি বিধি মোতাবেক প্রকাশ্য নিলামডাকে বিক্রয় করা হবে। আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিকে আগামী ১৩/০৯/২০২২ খ্রি. বেলা ১২:৩০ মিনিটে অডিটোরিয়ামের সামনে উপস্থিত হয়ে নিলামডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। নিলামডাকে অংশগ্রহণ করার সময় ডাককারীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করতে হবে।

শর্তাবলী:-

- ১। নিলামডাকে অংশগ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠান/ব্যক্তি নিম্নস্বাক্ষরকারী সাথে যোগাযোগ করে সরেজমিনে পরিদর্শন পূর্বক গাছের বর্তমান অবস্থা ও সংখ্যা যাচাই করে নিবেন, পরবর্তীতে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ২। নিলাম ডাককারীকে ফেরতযোগ্য জামানত বাবদ ৫,০০০ (পাঁচ হাজার) টাকা মাত্র জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ৩। নিলাম ডাককারীকে প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে ঐ দিন সকাল ১০:০০ টা হতে ১১:৩০ মিনিটের মধ্যে জামানত জমাদান পূর্বক নাম তালিকাভুক্ত করতে হবে।
- ৪। নিলাম ডাকগ্রহনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যক্তির জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও ট্রেড লাইসেন্স এর ফটোকপি তালিকা তুলির সময় জমা দিতে হবে।
- ৫। সর্বোচ্চ ডাককারীকে ঐ দিনেই ডাক মূল্যের ৭.৫% ভ্যাট ও ১০% অয়করসহ ডাকের সম্পূর্ণ টাকা পরিশোধ করতে হবে।
- ৬। কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে তিন দিনের মধ্যে নিলামকৃত গাছ অপসারণ করে জায়গা পরিষ্কার করতে হবে। আশেপাশে কোন স্থাপনা বিদ্যুৎ লাইন বা অন্য কোনো গাছপালা ক্ষতিগ্রস্ত করা যাবে না, হলে উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে।
- ৭। প্রতিষ্ঠানের ক্রাশ বা দাপ্তরিক কার্যক্রমের ব্যাধাত না ঘটিয়ে গাছসমূহ অপসারণ করতে হবে।
- ৮। বন বিভাগ কর্তৃক চিহ্নিত নম্বর যুক্ত গাছ ব্যতীত অতিরিক্ত কোন গাছ কর্তন করা যাবে না।
- ৯। রাত্রিকালীন কোন গাছ খন্ড/কর্তন/বহন করা যাবে না।
- ১০। নিলাম ডাকগ্রহণ, সংশোধন ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
০৮/০৯/২২

(প্রফেসর কাজী মনজুর কাদির)

অধ্যক্ষ,

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া

প্রফেসর কাজী মনজুর কাদির

আই.ডি নং-০০০০৬৭০৭

অধ্যক্ষ

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া